দৈনিক
আমাদের সময়

18 OCT 2017

# আরবি বিশ্ববিদ্যালয়সহ ১০ প্রকল্প অনুমোদন

নিজস্ব প্রতিবেদক ●

মাদ্রাসাশিক্ষার উন্নয়ন, আধুনিকায়ন এবং দেশের সব ফাজিল ও কামিল মাদ্রাসার শিক্ষা কার্যক্রম পরিচালনায় স্থাপিত দেশের প্রথম ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মিত হতে যাচ্ছে ঢাকার কেরানীগঞ্জে। এ লক্ষ্যে 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন'সহ ১০ প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। শেরেবাংলানগর এনইসি সম্মেলনকক্ষে গতকাল মঙ্গলবার একনেক সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সভাশেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল সাংবাদিকদের এসব কথা জানান।

মন্ত্রী আরও জানান, একনেক সভায় মোট ৫ হাজার ৭৮৩ কোটি টাকা ব্যয়ে ১০টি উন্নয়ন প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। এর মধ্যে ৪১৩ কোটি ৭৫ লাখ টাকা ব্যয়ে চলতি সময় থেকে ২০২১ সালের জুন মেয়াদে 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন' প্রকল্পটি বাস্তবায়ন করবে শিক্ষা মন্ত্রণালয়। ৬৩ কোটি টাকা ব্যয়ে বড় পরিসরে 'ভাসমান বেডে সবজি ও মসলা চাষ এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## আরবি বিশ্ববিদ্যালয়সহ

(৩ এর পৃষ্ঠার পর) গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ' প্রকল্পটিও অনুমোদন দেওয়া হয়। ১৩৮ কোটি ৬১ লাখ টাকা ব্যয়ে 'পুলিশ বিভাগের ৫০টি হাইওয়ে আউটপোস্ট নির্মাণ' প্রকল্পের মেয়াদ ও ব্যয় ফের বাড়ানো হয়েছে একনেক সভায়। ৬৭৩ কোটি টাকা ব্যয়ে ঢাকার নিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্পটি অনুমোদন দেওয়া হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের তিনটি আঞ্চলিক অফিস স্থাপন প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ১১৯ কোটি টাকা। ৩৩১ কোটি টাকা ব্যয়ে 'বরিশাল জেলার সদর উপজেলায় কীর্তনখোলা নদীর ভাঙন থেকে চরবাড়িয়া এলাকা রক্ষা' প্রকল্প অনুমোদন দেওয়া হয়।

'মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও স্মৃতি জাদুঘর নির্মাণ' প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ১৩৮ কোটি টাকা। ২ হাজার ৫৭৩ কোটি টাকা ব্যয়ে 'ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ' প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। 'রাজাপুর-পিরোজপুর কচা নদীর ওপর সেতু নির্মাণ' প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ৮২১ কোটি টাকা। 'জিঞ্জিরা-কেরানীগঞ্জ-দোহার-শ্রীনগর মহাসড়ক উন্নয়ন' প্রকল্পের ব্যয় নির্ধারণ করা হয়েছে ৪৭০ কোটি টাকা।